

২০১৮

## বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে

১। ঘটনা পরম্পরার বর্ণনা নয়, মানবিক সম্পর্কগুলির জটিল বিন্যাসের উদ্ঘাটনই 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের বিশেষত্ব। — আলোচনা করো। ১৪

অথবা

'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসটি অবলম্বনে কুসুম চরিত্রটির অভিনবত্ব আলোচনা করো। ১৪

২। বীরসা মুণ্ডার 'ধরতি আবা' হয়ে ওঠার ইতিবৃত্তটি 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে বিবৃত করো। ১২

অথবা

'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১২

৩। 'একরাত্রি' গল্পের 'ভাঙা স্কুলের সেকেভ মাস্টার' চরিত্রটির শিল্প সার্থকতা বিশ্লেষণ করো। ১২

অথবা

'ক্ষুধিত পাষণ' গল্পটিকে সার্থক অতিপ্রাকৃত কাহিনি বলা যায় কিনা আলোচনা করো। ১২

৪। 'চুয়া চন্দন' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

'টোপ' গল্পটি অবলম্বনে রাজা বাহাদুর চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ১৫

৫। 'আমি সত্যই খ্রিস্টান নাই গো বাপ', — বক্তা কে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১৪

অথবা

'এখন প্রেম' গল্পটি এক বিক্ষুব্ধ সময়ের দলিল'। — আলোচনা করো। ১৫

৬। 'এমন ছলনা করলে কেন? বললেই হত সঙ্গে যাবে?' — কে কাকে বলেছে? কীভাবে সে ছলনা করেছিল? ২+২

অথবা

'ও কাজের বরাত দিয়েছি সূর্যকে'। — বক্তা কে? কোন্ কাজের বরাত সে সূর্যকে দিয়েছিল? ১+৩

[Turn Over]

৭। 'সিং বোজা পুজব না, তোমার ঠাকুরও পুজব না। তোমার নুন খেয়েছি তাই বেঁচে গেলে।' — কে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

১+৩

অথবা

'ওর কথা শুনিস না বাবা, জীবনকালে দশটি ছেলেকে ও লড়াইয়ে নামিয়েছে।' — কে, কাকে একথা বলেছে? কার সম্পর্কে কেন এই উক্তি করা হয়েছে?

২+২

৮। 'তাহার চক্ষুদুটি সকল কথাই বলিয়াছিল, কিন্তু কেহ তাহা বুঝিতে পারে নাই।' — কার কথা বলা হয়েছে? তার কথা কেন কেউ বোঝেনি?

১+৩

অথবা

'কেন, তোমার সার আইজাক নিউটনের বুদ্ধি আমি ঘুলিয়ে দেব মনে কর?' — কে, কাকে বলেছে? কাকে 'সার আইজাক নিউটন' বলা হয়েছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন্ মানসিকতা প্রতিফলিত হয়েছে?

২+১+১

৯। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'এ বৌটার পরমায়ু আছে', — কে, কাকে কথাটি বলেছে? কারণ কী?

২+৩

(খ) 'থাকো না কেন রাত্রে? আমি রাত্রে পায়ের রেঁধে দেব।' — কে, কাকে একথা বলেছে? কেন সে তাকে থাকতে অনুরোধ করছে?

২+৩

(গ) 'আমার যে যাবার উপায় নেই ভাই।' — বক্তা কে? তার যাবার উপায় নেই কেন?

১+৪

(ঘ) 'যারা করে, তারা করুক। আমাদের বংশে ওসব কোনদিন হয়নি, হবেও না।' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে তার এই উক্তি?

১+৪

১০। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'গল্প লিখতে গিয়ে নিজেই আবার গল্পের নায়িকা হয়ে পড়ো না যেন।' — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? কারণ কী?

১+১+৩

(খ) 'দেখেও আনন্দ। আপনাদের আর কি ভাবনা মশাই। জীবন সামনে পড়ে আছে।' — কে, কাকে বলেছে? বক্তার কোন্ মানসিকতার প্রকাশ এই উক্তিতে ধরা পড়েছে?

২+৩

(গ) 'ইচ্ছে করে কেউ ছেলেকে পাগল বানায় না।' — কার উক্তি? ছেলেকে পাগল বানাবার প্রসঙ্গ কেন এসেছে?

১+৪

(ঘ) 'ঠিক হবে না। তোমার দুটো বোন আছে। একজন বিয়ের যুগ্যি।' — কে, কাকে কথাটি বলেছে? কোন কাজ ঠিক হবে না বলা হচ্ছে? কারণ কী?

২+১+২